অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/5/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

লিবার্টি ডিফেন্স প্রকল্পের (LIBERTY DEFENSE PROJECT, LDP) সম্প্রসারণে সহায়তার জন্য 2020 সালের অনুমোদিত বাজেটে 10 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত রয়েছে তা গভর্নর কুওমো ও আইন প্রণয়নকারী নেতাগণ ঘোষণা করেন

বিধ্বংসী ফেডারেল ইমিগ্রেশন নীতির লক্ষ্যবস্তু অভিবাসী ও কমিউনিটিসমূহকে ফার্স্ট-ইন-দ্য-নেশন উদ্যোগের মাধ্যমে 30,000 এরও বেশি আইনি সেবা প্রদান করা হয়েছে

সম্প্রসারণ অভিবাসী শিশুদের এবং পরিবারগুলিতে সেবা প্রদানের জন্য নতুন প্রোগ্রাম এবং ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (Immigration and Customs Enforcement, ICE) কর্তৃক লক্ষ্যস্থিরকৃত ঝটিকা হামলা ও নির্বিচারে গ্রেফতারের পর দ্রুত সাড়া প্রদানের জন্য নতুন কর্মসূচি অন্তর্ভুক্ত করে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো, সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স ও অ্যাসেম্বলি স্পীকার কার্ল হিস্টি আজ ঘোষণা করেন যে 2017 সালে চালু হওয়া ফার্স্ট-ইন-দ্য-নেশন লিবার্টি ডিফেন্স প্রকল্প সম্প্রসারণে সহায়তার জন্য 2020 অর্থ বছরের জন্য পাসকৃত বাজেটে 10 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত রয়েছে। অভিবাসীদের বিনামূল্যে আইনি পরামর্শ ও স্ক্রিনিং প্রদান, ডিপোর্টেশন প্রক্রিয়ায় অভিবাসীদের প্রতিনিধিত্ব পরিচালনা এবং রাষ্ট্রের নাগরিক অধিকার পাওয়া, কর্মসংস্থান অনুমোদন এবং স্থায়ী বসবাসের জন্য অভিবাসনের আবেদন দাখিল করায় সাহায্য করতে LDP এর যে মিশন রয়েছে তা অব্যাহত রাখতে এই অতিরিক্ত অর্থায়ন সহায়তা করবে।

"সারা বিশ্বের অভিবাসীদের জন্য আশার আলোকবর্তিকা হিসেবে নিউ ইয়র্ক দীর্ঘদিন ধরে বিবেচিত এবং যেখানে ওয়াশিংটন নতুন আমেরিকানদের অধিকারে হুমকি অব্যাহত রেখেছে, সেখানে তারা যেন আরও সুরক্ষিত থাকেন তা নিশ্চিত করতে আমরা আগের চেয়ে কঠোর পরিশ্রম করব", **গভর্নর কুওমো বলেন।** "লিবার্টি ডিফেন্স প্রকল্পের মাধ্যমে প্রদত্ত কর্মসূচির সম্প্রসারণের মাধ্যমে নিউ ইয়র্কের অভিবাসীদের সামাজিক সেবা, স্বাস্থ্যসেবা এবং তাদের নিজেদের ও তাদের পরিবারের জন্য আরও ভালো জীবন অন্বেষণের জন্য প্রয়োজনীয় জরুরি সহায়তা প্রাপ্তি আমরা নিশ্চিত করতে পারব।"

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "সিনেট সংখ্যাগরিষ্ঠ এটি প্রদর্শন করেছে যে আমাদের স্টেটের নতুন অধিবাসীসহ আমরা নিউ ইয়র্কের সকল অধিবাসীদের জন্য লড়াই করবো। লিবার্টি ডিফেন্স প্রকল্প অব্যাহত ও সম্প্রসারণ করতে এই প্রচেষ্টার একটি অংশের কাজ ছিল স্টেটের বাজেটে যাতে তহবিল অন্তর্ভুক্ত করা হয়। আমাদের অভিবাসী কমিউনিটির

অধিকার সুরক্ষিত করার জন্য আমি আমার সহকর্মী লুইস সেপুলভেদার নেতৃত্বের প্রশংসা করি এবং এই প্রয়োজনীয় স্টেট তহবিল বরাদ্দ করতে সিনেট সংখ্যাগরিষ্ঠের সাথে কাজ করার জন্য স্পীকার হিস্টি ও গভর্নর কুওমোকে আমি ধন্যবাদ জানাই।"

"অভিবাসীরা হচ্ছেন আমাদের ইতিহাস এবং স্টেটের গঠনের একটি অপরিহার্য যোগসূত্র", **অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন,** "যেখানে ফেডারেল প্রশাসন অভিবাসীদের উপর নিষ্ঠুর ও বর্ণবাদী হামলা অব্যাহত রেখেছে, সেখানে যারা আমাদের কমিউনিটিতে আরও ভালো জীবনযাপন করার চেষ্টা করছেন তাদেরকে জটিল আইনি সেবার সুযোগ প্রদান করার পথ নিউ ইয়র্ক বেছে নিয়েছে। কোথায় জন্মগ্রহণ করেছিল বা কোথা থেকে এসেছে এসব বিষয় নির্বিশেষে যাতে সকল মানুষ বেড়ে উঠতে পারে ও প্রতিষ্ঠা লাভ করতে পারে এরকম একটি স্বাগতপূর্ণ স্থান হিসেবে নিউ ইয়র্ক স্টেটকে গড়ে তোলার জন্য এসেম্বলি সংখ্যাগরিষ্ঠ কাজ করা চালিয়ে যাবে।"

"ফেডারেল সরকার যদিও অভিবাসীদের অধিকারকে হুমকির মুখে ফেলে দিয়েছে, নিউ ইয়র্ক আমাদের স্টেটের অভিবাসী শিশু ও পরিবারগুলিকে নিশ্চিতভাবে সুরক্ষা ও সেবা প্রদানের জন্য অঙ্গীকারবদ্ধ", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "লিবার্টি ডিফেন্স প্রকল্পের সম্প্রসারণের ফলে অভিবাসীরা আইনি সেবা পাবেন এবং তাদের জন্য যথার্থ প্রতিনিধিত্ব নিশ্চিত হবে। যে বৈচিত্র্য ও সমৃদ্ধ সংস্কৃতি আমাদেরকে এম্পায়ার স্টেট (Empire State) বানায় তা নিয়ে নিউ ইয়র্ক গর্বিত।"

এই সম্প্রসারণ তিনটি নতুন উদ্যোগ চালু রাখতে সহায়তা করে: প্রজেক্ট গোল্ডেন ডোর, রিজিওনাল র‍্যাপিড রেসপন্স কর্মসূচি ও ভেরা ইন্সটিটিউট অব জাস্টিস'স (Vera Institute of Justice) নিউ ইয়র্ক ইমিগ্র্যান্ট ফ্যামিলি ইউনিট প্রজেক্ট (New York Immigrant Family Unity Project, NYIFUP) আপস্টেট। স্ট্যাচু অব লিবার্টিতে অঙ্কিত পংক্তি অনুযায়ী নামকরণ করা প্রজেক্ট গোল্ডেন ডোরটি পুরো নিউ ইয়র্ক জুড়ে 12টি জায়গায় পরিবার সহায়তা সেবা প্রদান করে, যাতে রয়েছে সামাজিক সেবা সরবরাহকারী, ল্যাটিনো কমিউনিটি-ভিত্তিক চিকিৎসক, ও প্রো বোনো অ্যাটর্নি ও অভিবাসন বিশেষজ্ঞদের নিকট যাওয়ার সুযোগ। ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (ICE) এর অপ্রত্যাশিত বল প্রয়োগকারী কাজ ও লক্ষ্যস্থির করা ঝটিকা হামলা এবং ঝেঁটিয়ে বিদায়ের প্রতিক্রিয়ায় আরও দ্রুত সাড়া প্রদানের জন্য রিজিওনাল র‍্যাপিড রেসপন্স কর্মসূচিটি স্টেটের 10টি রিজিওনাল ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিল অঞ্চলের সবগুলোতে নিবেদিত অ্যাটর্নি নিয়োজিত করেছে। অপসারণের জন্য পূর্বে কোনো আদেশ ছাড়াই যেসব অভিবাসীদের আটক করা হয়েছে তাদেরকে প্রতিনিধিত্ব প্রদানের কাজটি NYIFUP চালিয়ে যাবে।

সিনেটর লুইস সেপুলভেডা বলেন, "রিপাবলিকান পার্টি ও ট্রাম্প প্রশাসন থেকে বর্তমানে যেসব বক্তব্য পাওয়া যাচ্ছে সেগুলো থেকে আমাদের অভিবাসীদের সুরক্ষা প্রদানের জন্য এই উদ্যোগ কাজ করছে। আইনি পরামর্শ ও প্রতিনিধিত্বের মতো সেবা প্রদান করার মাধ্যমে, অভিবাসী কমিউনিটিগুলোকে প্রভাবিত করে এমন অন্যায়ের লড়াই আমরা করে থাকি। একজন ল্যাটিনো প্রতিনিধি হিসেবে, এই বিষয়ে সক্রিয় থাকতে আমি একটি বিশেষ দায়িত্ব অনুভব করি এবং এই তহবিল সুরক্ষিত করার জন্য গভর্নর কুওমো ও সিনেটে আমার সহকর্মীদের সাথে কাজ করতে পেরে আমি গর্বিত ছিলাম।"

"ICE কর্তৃক আমাদের কমিউনিটিগুলোতে লক্ষ্যযুক্ত আক্রমণের কারণে নিউ ইয়র্কের অভিবাসীদের এখন আগের চেয়ে আরও বেশি আইনি সহায়তা ও সুরক্ষার প্রয়োজন", **পুয়ের্তো রিকান / হিস্পানিক টাস্ক ফোর্স (Puerto Rican/Hispanic Task Force) এর অ্যাসেম্বলি সভাপতি, মারিতজা দেভিলা বলেন।** "অভিবাসীদের বিরুদ্ধে প্রেসিডেন্ট যখন ঘৃণাপূর্ণ ও বিবাদ সৃষ্টিকারী বক্তব্য প্রদান চালিয়ে যাচ্ছেন, তখন এই তহবিল একটি স্পষ্ট বার্তা পাঠায় যে, এই নিউ ইয়র্কে আমরা অভিবাসীদের সাথে আছি এবং প্রত্যেক নিউ ইয়র্কবাসীর অধিকার সুরক্ষার পথ আমরা বেছে নেব।"

"ওয়াশিংটন যখন তার অভিবাসন-বিরোধী অর্বাচীন নীতি মেনে যাচ্ছে, তখন অভিবাসীদের জন্য নিরাপদ আশ্রয়স্থল তৈরির জন্য নিউ ইয়র্ক নিরলসভাবে কাজ করেছে", **নিউ আমেরিকানস টাস্কফোর্সের সভাপতি, অ্যাসেম্বলি সদস্য ভিক্টর এম. পিকার্ডো বলেন।** "লিবার্টি ডিফেন্স প্রকল্পের জন্য বাজেটে প্রদত্ত তহবিল এটি নিশ্চিত করে যে আমরা নিউ ইয়র্কে বসবাসরত নতুন আমেরিকানদের জন্য যুদ্ধ চালিয়ে যেতে পারব, যাতে প্রত্যেকেই আমেরিকান ড্রিম অর্জনের সুযোগ পায়।"

লিবার্টি ডিফেন্স প্রকল্প ও অফিস ফর নিউ আমেরিকানস (Office for New Americans) এর তত্ত্বাবধায়ক নিউ ইয়র্ক স্টেটের সেক্রেটারি রোসানা রোসাডো বলেন, "লিবার্টি ডিফেন্স প্রকল্পটি হচ্ছে সেইসব কাজের একটি অংশ যেগুলো নিউ ইয়র্ককে অভিবাসীদের কাছে সবচেয়ে স্বাগতপূর্ণ স্টেট করে তোলে। যেখানে ফেডারেল সরকার নতুন আমেরিকানদের বিরোধিতা ও তাদেরকে হুমকি স্বরূপ উপস্থাপন করা চালিয়ে যাচ্ছে, সেখানে আইনি সেবা ও পথ প্রদর্শনের মাধ্যমে আমরা তাদেরকে আমেরিকান জীবনে পূর্ণ অংশগ্রহণের জন্য সাহায্য করার চেষ্টা করছি। লিবার্টি ডিফেন্স প্রজেক্ট ইতোমধ্যে নিউ ইয়র্কবাসীদের জন্য দুর্দান্ত কাজ করেছে এবং আমাদের আরও কিছু করার বাকি আছে। গভর্নর কুওমোর নেতৃত্বের প্রতি ধন্যবাদ, যার কারণে আমরা পুরো স্টেটের অভিবাসীদের জন্য প্রয়োজনীয় সেবা প্রদান চালিয়ে যাব।"

আজ পর্যন্ত, LDP অভিবাসী ও কমিউনিটির প্রয়োজনের সময় 30,000 এরও বেশি অত্যাবশ্যক আইনি সেবা প্রদান করেছে - বিশেষ করে তাদেরকে যারা ফেডারেল অভিবাসন বল প্রয়োগকারী কৌশলের লক্ষ্যবস্তু হয়ে উঠেছে, এর মধ্যে ডেফার্ড অ্যাকশন ফর আর্লি চাইল্ডহুড অ্যারাইভালস (Deferred Action for Early Childhood Arrivals, DACA) বা টেম্পোরারি প্রোটেক্টেড স্ট্যাটাস (Temporary Protected Status, TPS) অন্তর্ভুক্ত। সরকারি-বেসরকারি এই অংশীদারিত্বটির প্রশাসনিক দায়িত্বে আছে অফিস ফর নিউ আমেরিকানস এবং এটি পুরো স্টেটের বিভিন্ন আইনি ফার্ম, আইনি সমিতি, অ্যাডভোকেসি প্রতিষ্ঠান, কলেজ, বিশ্ববিদ্যালয় ও বার অ্যাসোসিয়েশনের অংশীদারিত্বে পরিচালিত হচ্ছে। LDP প্রদান করে:

- নিউ ইয়র্ক জুড়ে অভিবাসীদের জন্য বিনামূল্যে আইনি পরামর্শ ও স্ক্রিনিং।
- ডিপোর্টেশন প্রক্রিয়ায় এবং অন্যান্য মামলায় সরাসরি অভিবাসীদের প্রতিনিধিত্ব করা।
- অন্যান্য অভিবাসন সংক্রান্ত আইনি সেবা, বিশেষ করে জটিল ব্যাপারে সহায়তা করা।
- অভিবাসী এবং কমিউনিটির জন্য আপনার অধিকার জানুন (Know Your Rights) প্রশিক্ষণ।

- নিউ ইয়র্ক-ভিত্তিক আটককৃত অভিবাসী যারা LDP-এর অধীনে নির্বাসন প্রতিরক্ষা প্রতিনিধিত্ব পেয়েছে তাদের এক চতুর্থাংশ মুক্তি পেয়েছে এবং তাদের কমিউনিটিতে তাদের পরিবারের সাথে পুনরায় মিলিত হতে পেরেছে, যেখানে তারা দীর্ঘমেয়াদি স্বস্তির আশায় তাদের মামলার প্রস্তুতির জন্য আইনি সহায়তা খোঁজার জন্য আরও ভালো অবস্থানে রয়েছে।

যদি কোনো অভিবাসীর বিনামূল্যে আইনি সহায়তা প্রয়োজন হয় তাহলে তাদের নতুন আমেরিকানদের হটলাইন (New Americans Hotline) 1-800-566-7636 এ ফোন করতে বলা হচ্ছে। ফোনকলের সব তথ্য গোপনীয়। 200টির বেশি ভাষায় সাহায্য পাওয়া যাবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন